

একতারা ২৫ ডব্লিউজি

“এফিড ও জ্যাসিড মুক্ত সবজী ক্ষেত- অধিক ফলন বেশী লাভ”

- মূল উপাদান : খায়ামেথোক্সাম (প্রতি কেজি একতারা -এ ২৫০ গ্রাম খায়ামেথোক্সাম আছে)
- ফরমুলেশন : দ্রবনীয় দানাদার
- প্যাক সাইজ : ৫ গ্রাম
- বাহ্যিক অবস্থা : দানাদার
- রং : লালচে রংয়ের
- কার্যক্ষমতা : স্পর্শক, পাকস্থলী ও শক্তিশালী প্রবহমান গুনসম্পন্ন
- পন্যের উৎস (দেশ) : ভারত

□ যে ভাবে কাজ করে

- ✧ একতারা স্পর্শক, পাকস্থলী ও শক্তিশালী প্রবহমান গুনসম্পন্ন কীটনাশক। দ্রুত পানিতে দ্রবনীয়তা ও দ্রুত পরিচালন ক্ষমতার কারণে একতারা সহজেই গাছের বিভিন্ন অংশ দ্বারা শোষিত হয়ে জাইলেম টিস্যুর মাধ্যমে পাতাসহ উদ্ভিদের সমস্ত অংশে ছড়িয়ে পড়ে।
- ✧ একতারা উদ্ভিদের ভাসকুলার সিস্টেম (জাইলেম) ও আন্তঃকোষীয় শূন্য স্থানের মধ্য দিয়ে চলাচল করতে সক্ষম।
- ✧ একতারা জাইলেম পরিবাহী বলে এটি সম্পূর্ণ উদ্ভিদকে অনুমোদিত পোকাকার আক্রমণ থেকে সফলভাবে রক্ষা করে।
- ✧ উদ্ভিদ কোষের মধ্যে একতারা সফল বিতরণের কারণে উচ্চ ট্রান্সল্যামিনার কার্যকারিতা প্রদর্শন করে।
- ✧ খায়ামেথোক্সাম অনুমোদিত পোকাকার স্নায়ুতন্ত্রের “নিকোটিনিক এসিটাইল কোলিন রিসেপ্টর” -এর স্বাভাবিক কার্যক্রমকে বাধাগ্রস্ত করে।
- ✧ একতারা মাটিতে প্রয়োগের পর অংকুরোদগমনশীল মূল ও কাণ্ডের দ্বারা শোষিত হয় এমনকি নতুন গজানো অংশে ছড়িয়ে গাছের রসের সাথে মিশে গাছকে বিষাক্ত করে রাখে।
- ✧ পোকা গাছের রস খাওয়ার ৩০ মিনিটের মধ্যেই এর কার্যকারিতা শুরু হয়- রস খাওয়া বন্ধ করে স্টাইলেট উপরে তুলে রাখে এবং অল্প সময়ের মধ্যেই পোকা মারা যায়।

□ উপকারিতা

- ✧ স্পর্শক, পাকস্থলী ও শক্তিশালী প্রবহমান গুনসম্পন্ন।
- ✧ একতারা প্রয়োগের পর তাৎক্ষণিকভাবে পোকা খাওয়া বন্ধ করে মৃত্যুর দিকে ধাবিত হয় যা সাথে সাথে গাছ থেকে পড়ে যাবার সমতুল্য।
- ✧ অল্প মাত্রা এবং চমৎকার ট্রান্স-সিস্টেমিক গতি সম্পন্ন।
- ✧ একতারা প্রয়োগের পরপরই গাছ দ্বারা শোষিত হয়ে সমস্ত অংশে ছড়িয়ে পড়ে ও গাছকে বিষাক্ত করে।
- ✧ অতি দ্রুত গাছ ও পাতার মধ্যে ঢোকানোর কারণে কুয়াশা বা বৃষ্টির পানিতে ধুয়ে যায় না, ফলে কার্যকারিতা দীর্ঘদিন স্থায়ী হয়।

□ ব্যবহারবিধি

শস্য	পোকা	মাত্রা ও প্রয়োগবিধি
ধান	বাদামী গাছ ফড়িং	২৪ গ্রাম/একর। ১.২ গ্রাম একতারা ১০ লিটার পানিতে মিশিয়ে ৫ শতাংশ জমিতে ভালভাবে গাছ ভিজিয়ে স্প্রে করুন।
সরিষা	জাব পোকা	৪০ গ্রাম/একর। ২ গ্রাম একতারা ১০ লিটার পানিতে মিশিয়ে ৫ শতাংশ জমিতে ভালভাবে গাছ ভিজিয়ে স্প্রে করুন।
তুলা	জ্যাসিড ও এফিড	৪০ গ্রাম/একর। ২ গ্রাম একতারা ১০ লিটার পানিতে মিশিয়ে ৫ শতাংশ জমিতে ভালভাবে গাছ ভিজিয়ে স্প্রে করুন।
আখ	উইপোকা	১২০ গ্রাম/একর। ২.৫ গ্রাম একতারা ১০ লিটার পানিতে মিশিয়ে সেটসহ মাটি ভালভাবে ভিজিয়ে স্প্রে করুন।
কলা	বিটল	৪০ গ্রাম/একর। ২ গ্রাম একতারা ১০ লিটার পানিতে মিশিয়ে সম্পূর্ণ কলার কাঁদি ও পাতায় ভালভাবে ভিজিয়ে স্প্রে করুন।
আম	হপার	৫ গ্রাম একতারা ১০০ লিটার পানিতে মিশিয়ে সমস্ত গাছ ভালভাবে ভিজিয়ে স্প্রে করুন।